

আশুগঞ্জ সার কারখানা কলেজ

১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষা - ২০২০

বিষয় : ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, বিষয় কোড : ২৭৭

(নিচের উদ্দীপকগুলো পড় এবং সকল প্রশ্নের উত্তর দিতে হবে। ৭× ১০ =৭০ )

পূর্ণমান : ৭০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

- ১। নেপচুন একটি সফটওয়্যার প্রস্তুতকারী কোম্পানি সংগঠন। তারা সম্প্রতি ১০০টি সফটওয়্যার তৈরির অর্ডার পায়। তাদের পর্যাপ্ত সংখ্যক দক্ষ লোকবল নাই। তাই তারা নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ করার জন্য ইউরেনাস কোম্পানিকে চুক্তির ভিত্তিতে ৩০টি সফটওয়্যার তৈরির দায়িত্ব দেয়। দক্ষ লোকবলের অভাবে পরবর্তীতে নেপচুন কোম্পানির নিয়মিত কাজ পরিচালনায় অচলাবস্থা দেখা দেয়। তাই তারা বিকল্প সমাধান না পেয়ে কোম্পানি বিলোপসাধনের সিদ্ধান্ত নেয়।
- ক) কোম্পানির বিলোপসাধন কী ? ১
- খ) ব্যবসায়ের সহায়ক সেবা বলতে কী বুঝায় ? ২
- গ) উদ্দীপকে বর্ণিত নেপচুন কোম্পানি কর্তৃক ইউরেনাস কোম্পানিকে দিয়ে কাজ করিয়ে নেওয়া কোন ধরনের ব্যবসায় ? ব্যাখ্যা করো। ৩
- ঘ) নেপচুন কোম্পানির বিলোপসাধনের পদ্ধতি বিশ্লেষণ করো। ৪
- ২। রাসেল স্থানীয় যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ শেষে মাত্র ৩০,০০০টাকা পুঁজি নিয়ে নিজেদের পুকুরে মাছ চাষ করেন। তার সংগৃহীত উন্নত জাতের তেলাপিয়া মাছের পোনা অল্প দিনের মধ্যেই বিক্রয়যোগ্য হয়ে উঠে। স্থানীয় বাজারের ক্রেতারা যাতে তাদের পছন্দমত মাছ ক্রয় করতে পারে সেজন্য রাসেল দীর্ঘ সময় মাছকে জীবিত রাখার জন্য কৃত্রিম উপায়ে মাছগুলো সংরক্ষণ করেন। এতে তার মাছের চাহিদা বাড়তে থাকে। অর্থ স্বল্পতার কারণে এ বাড়তি চাহিদা মেটানো তার পক্ষে সবসময় সম্ভব হয় না।
- ক) সামাজিক ব্যবসায় কী ? ১
- খ) প্রযুক্তিগত পরিবেশ বলতে কী বোঝায় ? ব্যাখ্যা করো। ২
- গ) রাসেল কোন ধরনের শিল্পের সাথে জড়িত ? ব্যাখ্যা করো। ৩
- ঘ) ক্রেতাদের বাড়তি চাহিদা পূরণের জন্য রাসেলের কী করণীয় বলে তুমি মনে করো ? ৪
- ঘ) উদ্দীপকে মিঃ জীবনকে ব্যাংক যে সহায়তা দিয়েছে তার ধরন উল্লেখ করে প্রয়োজনীয়তা মূল্যায়ন করো। ৪
- ৩। মোনা ও মুনিরা দুই বোন হস্তশিল্পের কাজ করে সংসার চালায়। তাদের উৎপাদিত দ্রব্য স্থানীয় বাজারে বিক্রি করে প্রত্যাশিত দাম পায় না। এ অবস্থায় তারা ভাবছে একই গ্রামের অন্য মহিলাদের সাথে মিলিতভাবে উপকরণগুলো কিনতে পারলে উৎপাদন খরচ কম পড়বে এবং ডিজাইনের বৈচিত্র্যায়ণ, বাজার সম্প্রসারণ, কর্মদক্ষতা বাড়ানো এবং পুঁজি গঠন করা সহজ হবে।
- ক) সমবায় সমিতি কী ? ১
- খ) সমবায় সমিতির পাঁচটি বৈশিষ্ট্য লেখ। ২
- গ) মোনা ও মুনিরা যদি সমবায়ের কথা ভেবে থাকে তবে সেটি কোন ধরনের সমবায় সমিতি হবে ? ব্যাখ্যা করো। ৩
- ঘ) উদ্দীপকের আলোকে মোনা ও মুনিরা সমবায়ের যে সুবিধাগুলো পাবে তা উল্লেখপূর্বক কারণগুলো ব্যাখ্যা করো। ৪
- ৪। শামীম একজন চালের আরতদার। তিনি ধান থেকে চাল তৈরি করে ভৈরব ও আশুগঞ্জের বাজারে বিক্রয় করেন। চালের চাহিদা বেশি থাকায় তিনি একটি স্বয়ংক্রিয় মেশিন স্থাপন করেন। বর্তমানে তিনি কম সময়ে বেশি চাল তৈরি করেন এবং বিক্রি করে বেশি মুনাফা অর্জন করেন।
- ক) সাংস্কৃতিক পরিবেশ কী ? ১
- খ) ব্যবসায় পরিবেশ বলতে কী বোঝায় ? ২
- গ) উদ্দীপকে শামীম বর্তমানে কোন পরিবেশের উপর ভিত্তি করে চালের ব্যবসায়টি পরিচালনা করছেন ? ব্যাখ্যা করো। ৩
- ঘ) উদ্দীপকে শামীম তার প্রতিষ্ঠানে স্বয়ংক্রিয় মেশিন স্থাপনের ক্ষেত্রে সঠিক সিদ্ধান্ত নিয়েছেন - এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪
- ৫। আইটি লিমিটেড মোবাইল যোগাযোগ সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের ব্যবসায়ের সাথে জড়িত। সারাদেশ জুড়ে প্রতিষ্ঠানটির ব্যবসায়িক কাজ বিস্তৃত। প্রতিষ্ঠানটি ব্যবসায়ের প্রয়োজনে 'আইটি'নিজ নামেই পরিচালিত হয় এবং অন্য কোন পক্ষের সাথে চুক্তিবদ্ধ হতে পারে। প্রতিষ্ঠানটির দুইজন সদস্যের আকস্মিক মৃত্যু এবং কয়েকজন সদস্য ব্যবসায় ছেড়ে চলে যাওয়ায় ব্যবসায়িক কাজ বাধাগ্রস্ত হয়।
- ক) আউটসোর্সিং কী ? ১
- খ) ন্যূনতম মূলধন বলতে কী বোঝায় ? ২
- গ) আইটি লিমিটেড নিজ নামে পরিচিতি কোম্পানি সংগঠনের কোন বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ ? ব্যাখ্যা করো। ৩

ঘ) 'উদ্দীপকে বর্ণিত পরিস্থিতি সত্ত্বেও আইটি লিমিটেড ব্যবসায় চালিয়ে যেতে থাকবে' - ব্যাখ্যা করো। ৪

৬ সালাম কলেজের কাছে একটি স্টেশনারি দোকান পরিচালনা করে। সততা ও দক্ষতার কারণে তার ব্যবসায়টি খুব লাভজনক হয়ে উঠে। তাই সে এর পাশাপাশি একটি ফটোকপি মেশিন ও কম্পিউটার কিনে বিভিন্ন ধরনের কাজ করে থাকে। এজন্য সে মাসিক নির্দিষ্ট টাকার বিনিময়ে তার ভাইকে এ কাজে নিয়োগ করে। বছরান্তে সালামের ভাই মুনাফা দাবি করে।

ক) একমালিকানা ব্যবসায় কাকে বলে? ১

খ) একমালিকানা ব্যবসাতে স্থায়িত্বের অভাব কেন? ব্যাখ্যা করো। ২

গ) উদ্দীপকে সালামের ব্যবসায়টি কোন প্রকৃতির? বিশ্লেষণ করো। ৩

ঘ) সালামের ভাইয়ের মুনাফা দাবির যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৭। তামিম ও তার বন্ধু শামীম সমঝোতার ভিত্তিতে পাটের তৈরি হস্তশিল্পের পণ্যসামগ্রী কিনে এনে বাণিজ্য মেলায় স্টল দেন। বাণিজ্য মেলায় তাদের পণ্যগুলো ভোক্তাদের কাছে সমদৃত হওয়ায় মুনাফা ভাল হয়। ক্রেতাসাধারণ মেলা শেষে তাদের ব্যবসায়ের স্থায়ী ঠিকানার সন্ধান চান। এ কারণে তারা স্থায়ীভাবে ব্যবসায় সম্প্রসারণের জন্য মূলধনের তেমন সমস্যা না থাকলেও অন্যান্য বিষয় নিয়ে ভাবছেন।

ক) খুচরা ব্যবসায় কী? ১

খ) অর্থনৈতিক উন্নয়নে ব্যবসায়ের অবদান ব্যাখ্যা করো। ২

গ) তামিমের ব্যবসায়টি কোন ধরনের অংশীদারি ব্যবসায়? ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টি স্থায়ীভাবে চালিয়ে যাওয়ার জন্য সর্বপ্রথম করণীয় সম্পর্কে তোমার মতামত দাও। ৪